গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০২০-১৮ 285 তারিখ:০১.০৪.২০১৮খ্রি.।

বিষয়: মহামান্য হাইকোর্টে রীটপিটিশন নং-৮৪০৪/২০০৭(কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪) মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলাধীন চর সামন্ত মোহসেনিয়া ফাযিল মাদরাসার ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতা (এমপিও) ছাড়করণ বিষয়ে প্রয়োজনীয় তথ্য এ অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র:(১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১/জি-২৮ বি/২০০৯/২০৭৪/৮ তারিখ-১৬.০৮.২০১৭খ্রি:।

(২) মাউশি কর্তৃক আয়োজিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) শিক্ষক কর্মচারীদের এমপিওভুক্তি অনুমোদনের নিমিত্ত গঠিত চূড়ান্ত কমিটির সভা তারিখ:২৫.০৫.২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ ১ নং স্মারক মূলে মাউশি অধিদপ্তর কর্তৃক এ অধিদপ্তরে এমপিওভুক্তিকরণ বিষয়ক একটি পত্র প্রেরণ করা হয়।

০২.প্রেরিত পত্র ও পত্রের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলাধীন চর সামন্ত মোহসেনিয়া পাযিল মাদরাসার অধ্যক্ষ জনাব এএসএম এসহাক মিয়া ইনডেক্স নং- ০৪০৮৬৭ সহ অত্র মাদরাসার ০৬ (ছয়) জন শিক্ষক (জনাব মো:নাসির উদ্দিন, প্রভাষক,আরবি, ইনডেক্স নং-২০৩২১৯৩, জনাব মো: নুর উদ্দিন, প্রভাষক, ইতিহাস, ইনডেক্স নং-২০২৮৫২১, জনাব মো: আ: হাকিম, প্রভাষক,আরবি, ইনডেক্স নং-২০২৮৫২০, জনাব মো: গোলাম রহমান, প্রভাষক, বাংলা, ইনডেক্স নং-২০৯১০৭৫ এবং জনাব মো: এমরান হোসেন, প্রভাষক,ইংরেজী, ইনডেক্স নং-২০৯১০৭৬) কর্তৃক দায়েরকৃত মহামান্য হাইকোর্টে রীটপিটিশন নং-৮৪০৪/২০০৭(কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪) মামলার রায় বাস্তবায়ন তথা বর্ণিত মাদরাসার উক্ত (০৬) জন শিক্ষককে তাদের বকেয়া বেতন-ভাতা বাবদ মোট ৩৫,৪০,৫২০ (পঁয়ত্রিশ লক্ষ চল্লিশ হাজার পাঁচশত পনের) টাকা প্রদান সংক্রান্ত বিষয়টি মাউশির এমপিও প্রদান সংক্রান্ত চূড়ান্ত অনুমোদন কমিটির সভায় সূত্রোস্থ ২ নং স্মারক মূলে উপস্থাপন করা হয় (কপি সংযুক্ত)।

০৩. ২৫.০৫.২০১৭খ্রি: তারিখে এমপিও অনুমোদন কমিটির সভায় কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪ তে উল্লিখিত ০৬ (ছয়) জন শিক্ষক নতুন পদে যোগদানের পরও কিভাবে পুরাতন পদে বেতন-ভাতা উত্তোলন করেছেন- এর সুস্পষ্ট ব্যাখ্যা চেয়ে এবং তাদের মাসওয়ারী ছক আকারে বকেয়া বেতন-ভাতার হিসাব বিবরণী চেয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত মাদরাসার অধ্যক্ষ ও সভাপতিকে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত হয় মর্মে সূত্রোস্থ ১ নং স্মারকে উল্লিখিত হয়েছে।

০৪. এছাড়া ২৫.০৫.২০১৭খ্রি: তারিখে এমপিও অনুমোদন কমিটির সভায় বর্ণিত মাদরাসার ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতা (এমপিও) এর হিসাব যথাযথভাবে নিজ তত্বাবধানে যাচাই-বাছাই পূর্বক মন্তব্যসহ জরুরী ভিত্তিতে মাউশি অধিদপ্তরে প্রেরণের জন্য জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুরকে পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে সূত্রোস্থ ২ নং স্মারকে উল্লেখ রয়েছে।

০৫. উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে মাউশি অধিদপ্তর কর্তৃক ২০.০৬.২০১৭ তারিখে প্রতিষ্ঠান প্রধান, বর্ণিত মাদরাসার সভাপতি এবং জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুরকে পত্র প্রেরণ করা হয় মর্মে সূত্রোসৃথ ১ নং স্মারকে জানা যায়।

০৬. মাউশি অধিদপ্তর কর্তৃক ২০.০৬.২০১৭ তারিখে প্রেরিত পত্রের প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর কর্তৃক যাচাই-বাছাইপূর্বক মতামতসহ সূত্রোস্থ ৩ নং স্মারকে বর্ণিত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতাদির হিসাব বিবরণী মাসওয়ারী ছক আকারে মাউশি অধিদপ্তরে প্রেরণ করা হয় । কিন্তু এ হিসাব বিবরণীর তথ্য মাউশি কর্তৃক গৃহীত ও অনুমোদিত হয়েছে কি-না- এ বিষয়ে কোন প্রমাণক পাঠানো হয়নি।

০৭. উপরিউক্ত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতা ছাড়করণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাউশি অধিদপ্তর কর্তৃক সূত্রোস্থ ১ নং স্মারকে মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০৮. উক্ত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতা ছাড়করণের জন্য নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন-

(ক) ২৫.০৫.২০১৭খ্রি: তারিখে মাউশির চূড়ান্ত এমপিও অনুমোদন কমিটির সভায় উক্ত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতা (এমপিও) ছাড়করণের বিষয়ে আর কোন সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছিল কি-না ?

(খ) উক্ত চূড়ান্ত সিদ্ধান্ত কিসের ভিত্তিতে মাউশি কর্তৃক নেয়া হয়েছিল ?

(গ) জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর কর্তৃক প্রদত্ত হিসাব {৩৫,৪০,৫২০ (পঁয়ত্রিশ লক্ষ চল্লিশ হাজার পাঁচশত পনের) টাকা} সঠিক – এর স্বপক্ষে মহাপরিচালক (মাউশি) এর প্রত্যয়ন ।

(ঘ) বর্ণিত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতা ছাড়করণের বিষয়ে আদালতের রায়ের কপি।

(ঙ) বর্ণিত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতার (এমপিও) পরিমাণ কত ?

(চ) উক্ত এমপিও ছাড়করণে অন্য কোন আইনগত বাধা আছে কি-না?

০৯. উপরিউক্ত ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতা (এমপিও) ছাড়করণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাউশি অধিদপ্তর এর উপরিউক্ত তথ্য প্রয়োজন।

১০. এমতাবস্থায় মহামান্য হাইকোর্টে রীটপিটিশন নং-৮৪০৪/২০০৭(কনটেম্পট পিটিশন নং-২১৮/২০১৪) মামলার রায় বাস্তবায়নের নিমিত্ত শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলাধীন চর সামন্ত মোহসেনিয়া ফাযিল মাদরাসার ০৬ (ছয়) জন শিক্ষকের বকেয়া বেতন-ভাতা ছাড়করণ বিষয়ে উপরিউক্ত চাহিত তথ্যাদি এ অধিদপ্তরে প্রেরণ করা জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

০১.০৪.১৮

(মো: বিল্লাল হোসেন)
মহাপরিচালক
মাদেরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং-৪১০৩০১৫৯
ই-মেইল- dgdmeb@gmail.com

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা

অনুলিপি:
১.সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২.উপ পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,ঢাকা অঞ্চল।
৩.জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
৪.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোসাইরহাট, শরীয়তপুর ।
৫.অফিস কপি।